

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
পিরোজপুর সদর, পিরোজপুর।

নং ৩৩.০১.৭৯৮০.০০০.৩১.১১৯.২২.৪১

তারিখ: ০৮/০২/২০২৪ খ্রি.

" নিলাম বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পিরোজপুর সদর, পিরোজপুরের ব্যবহার অনুপযোগী ০২ (দুই) টি জরাজীর্ণ পুরাতন ভবন (১. কম্পাউন্ডার কোয়ার্টার, ২. এআই সেড) উন্মুক্ত নিলামের মাধ্যমে অপসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ভবন দুইটি ক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তে নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০১	মন্ত্রণালয়/বিভাগ	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০২	এজেন্সি/অধিদপ্তরের নাম	প্রাণিসম্পদ অধিদপ্তর।
০৩	নিলাম কর্তৃপক্ষ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পিরোজপুর সদর, পিরোজপুর ও সদস্য সচিব, নিলাম কমিটি।
০৪	যাহার জন্য নিলাম আহ্বান	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পিরোজপুর সদর, পিরোজপুর এর ব্যবহৃত অনুপযোগী জরাজীর্ণ ০২ টি ভবন (১. কম্পাউন্ডার কোয়ার্টার, ২. এআই সেড)।
০৫	নিলাম আহ্বানের সূত্র	যুগ্ম সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর পত্র নং-৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০৭.২২ (অংশ-১)-৬১২, তারিখ: ১৬/০৮/২০২৩ খ্রি. এবং মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেইট, ঢাকা এর স্মারক নং- ৩৩.০১.০০০০. ১০২.৯৯.০৬৩.২২-৯৪২, তারিখ: ১৭/১২/২০২৩ খ্রি.
০৬	শর্তাবলী	১। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পিরোজপুর সদর, পিরোজপুরের ক্যাম্পাসে অবস্থিত এবং নিলামের জন্য চিহ্নিত জরাজীর্ণ ভবন দুটি নিলামে ক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাগণ নিজ দায়িত্বে পরিদর্শন করে লেটার হেড প্যাডে নিলাম দর উল্লেখপূর্বক সীলগালা করে দাখিল করবে। ২। নিলাম প্রক্রিয়ার মাধ্যমে ক্রয় আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান আগামী ১১/০২/২০২৪ তারিখ হতে ২৭/০২/২০২৪ তারিখ পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পিরোজপুর সদর, পিরোজপুর হতে নগত ২০০ (দুশত) টাকা জমা দিয়ে নিলাম সিডিউল ক্রয় করতে পারবে। ৩। দরপত্র আগামী ২৮/০২/২০২৪ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অফিস সময়ে নিম্নস্বাক্ষরকারীর কক্ষে রক্ষিত নির্ধারিত নিলাম বক্সে ফেলতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। ৪। নিলাম দরপত্র সিল মোহরকৃত খামে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পিরোজপুর সদর, পিরোজপুর ও সদস্য সচিব নিলাম কমিটি বরাবরে প্রেরণ করতে হবে। খামের উপর "নিলাম দরপত্র" লিখিত আকারে চিহ্নিত করতে হবে। খামের বাম পাশে প্রেরকের পূর্ণ নাম ও ঠিকানা লিখতে হবে। ৫। আগ্রহী নিলাম দর দাতাকে দরপত্রের সহিত জামানত হিসেবে কোন তফসিল ব্যাংক হতে ব্যাংক ড্রাফ/পে অর্ডার এর মাধ্যমে দর দাতার প্রদত্ত দরের ২০% টাকা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পিরোজপুর সদর, পিরোজপুর ও সদস্য সচিব নিলাম কমিটি বরাবর দাখিল করতে হবে। যাহা ফেরৎ যোগ্য। জামানত বিহীন দরপত্র মোটেও গ্রহণ যোগ্য হবে না। ৬। সর্বোচ্চ দরদাতা প্রদত্ত দরের উপর ১৫% ভ্যাট এবং সরকারি বিধি মোতাবেক আয়কর অতিরিক্ত প্রদান করতে হবে। ৭। নিলাম দরপত্র সমূহ আগামী ২৯/০২/২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় দর দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। ৮। সর্বোচ্চ দর দাতাকে নিলাম কার্যাদেশ প্রদানের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ প্রদান পূর্বক পরবর্তী ১৪ দিনের মধ্যে নিজ খরচে ভবনের সমুদয় অংশ অপসারণ করে নিতে হবে ও নীচু অংশ মাটি ভরাট করে দিতে হবে। ৯। প্রথম সর্বোচ্চ দর দাতা নির্ধারিত ৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিলামের সমুদয় টাকা জমা দিতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে এবং ২য় সর্বোচ্চ দর দাতাকে নিলাম কার্যাদেশ প্রদান করা হবে। ১০। নিলাম প্রক্রিয়ায় নিলাম কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা নিলাম কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


০৮/০২/২০২৪

(ডা. শুভংকর দত্ত)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পিরোজপুর সদর, পিরোজপুর।
ও
সদস্য সচিব, নিলাম কমিটি।